

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.৩১.০০৩.২৩-৫৩১

তারিখ: " ১৪ ভাদ্র ১৪৩০
২৯ আগস্ট ২০২৩

বিষয়: আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২ আগস্ট ২০২৩ তারিখের ই-সার্ভিস মনিটরিং কমিটির সভায় মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ে অফিস কর্তৃক গৃহীত ই-সেবার তালিকা মন্ত্রিপরিষদ কর্তৃক প্রস্তুতকৃত ছকে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রিপরিষদ কর্তৃক ডাটাবেজ প্রণয়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা 'সংযুক্ত ছক' মোতাবেক সফট কপি (ওয়ার্ড ফাইলে) ই-মেইল-এ আগামী ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে জরুরিভিত্তিতে প্রেরণের জন্ম অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ কর্তৃক ডাটাবেজ প্রণয়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা 'সংযুক্ত ছক' মোতাবেক সফট কপি (ওয়ার্ড ফাইলে) ই-মেইল-(lgcc2@lgd.gov.bd)-এ আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মাহবুবা আইরিন
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট।
৩. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৪. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা,সিটি কর্পোরেশন (সকল)।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/ চট্টগ্রাম ওয়াসা/ খুলনা ওয়াসা/ রাজশাহী ওয়াসা।
৭. ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন (সকল)/ এলজিইডি/ ডিপিএইচই/ এনআইএলজি/ রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন/ ওয়াসা (সকল)।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।